

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 www.pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২০৬২	তারিখঃ- ২২/১০/২৩	প্রঃসংঃ- ৪	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ সঃ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০২৯.২১.৯৭৭

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০

০৮ নভেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২০২৪ আর্থিক সালে প্রস্তত্ব অধিদপ্তরের প্রধান কার্যালয়ে (প্রস্তত্ব ভবনের অভ্যন্তরে ৩য় ও ৪র্থ তলায়) প্রস্তত্ব জাদুঘর চালুকরণের নিমিত্তে সংস্কার ও মেরামত এবং বৈদ্যুতিক কাজের ব্যয় নির্বাহের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য মোট= ৪,৫০,০০,০০০/= (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলোঃ

ক্রঃ	কাজের নাম	টাকার পরিমাণ	গণপূর্ত বিভাগের নাম
১	প্রস্তত্ব অধিদপ্তরের প্রধান কার্যালয়ের (প্রস্তত্ব ভবনের অভ্যন্তরে ৩য় ও ৪র্থ তলার) প্রস্তত্ব জাদুঘর চালুকরণের নিমিত্তে সংস্কার ও মেরামত কাজ।	২,০০,০০,০০০/-	শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-২, ঢাকা
২	প্রস্তত্ব অধিদপ্তরের প্রধান কার্যালয়ের (প্রস্তত্ব ভবনের অভ্যন্তরে ৩য় ও ৪র্থ তলার) প্রস্তত্ব জাদুঘর চালুকরণের নিমিত্তে বৈদ্যুতিক কাজ।	২,৫০,০০,০০০/-	গণপূর্ত ই/এম কারখানা বিভাগ, ঢাকা
		মোট= ৪,৫০,০০,০০০/-	

উক্ত খরচ অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, প্রস্তত্ব অধিদপ্তর, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা ঢাকার স্মারক নং-২৩০৭ ও ২৩০৮ তারিখ-১৯/১০/২০২৩খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট মঞ্জুরীকৃত মোট= ৪,৫০,০০,০০০/= টাকা ২০২৩-২০২৪ আর্থিক সালের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কোড নং-১৩৪-১৩৪০২০১-৩২৫৮১০৮ (অন্যান্য ভবন ও স্থাপনা) খাত হতে বহন/ সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

শর্তঃ-

- ১) প্রত্যাশী সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- ২) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে/ প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ৩) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ৪) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধযোগ্য।
- ৫) বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরের নিকট সমর্পন করতে হবে।

১/১/১১/২৩

৮-১১-২০২৩